রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ১২, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**পৌর-২ শাখা।**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ ভাদ্র ১৪১৪/১২ সেপ্টেম্বর ২০০৭

**এস, আর, ও নং ২২১-আইন/২০০৭।**—Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 146 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, পৌরসভা কার্যবিধিমালা, ১৯৯৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার বিধি ১২ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১২ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"১২। **পৌরসভা তহবিল পরিচালনা**।—(১) চেয়ারম্যান, বা ক্ষেত্রমত, অধ্যাদেশের ধারা ১৮এ অধীন নিযুক্ত প্রশাসক, এবং—

(ক) পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা; বা

(খ) প্রধান নির্বাহী কর্মকর্তার পদায়ন না থাকিলে, পৌরসভার সচিব; বা

(গ) পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সচিব উভয়েই না থাকিলে পৌরসভায় কর্মরত জ্যেষ্ঠতম কর্মকর্তা কর্তৃক—

যৌথভাবে পরিচালিত হইবে।

(২) উপ-বিধি (১) এ যাহাই থাকুক না কেন, চেয়ারম্যান, বা ক্ষেত্রমত, প্যানেল চেয়ারম্যানকে পৌরসভার আর্থিক ক্ষমতা প্রদান করা সম্ভব না হইলে অথবা অধ্যাদেশের ধারা ১৮এ-এর অধীন নিযুক্ত প্রশাসক তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, সরকার জনস্বার্থে, যথাক্রমে পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা বা পৌরসভার সচিব বা পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সচিব উভয়ের অনুপস্থিতিতে পৌরসভায় কর্মরত জ্যেষ্ঠতম কর্মকর্তা-কে এককভাবে সংশ্লিষ্ট পৌরসভার আর্থিক ক্ষমতা অর্পণ করিতে পারিবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আহসানুল হক**
সিনিয়র সহকারী সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখ্‌তার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।